বরুড়া উপজেলা পরিষদের অক্টোবর /২০২১ মাসের মাসিক সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব এ এন এম মইনুল ইসলাম
চেয়ারম্যান,উপজেলা পরিষদ
বরুড়া, কুমিল্লা।

সভার তারিখ ঃ ২৮.১০.২০২১ খ্রি. সকাল ১০.৩০ ঘটিকা ।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের নামের তালিকা ঃ পরিশিষ্ট "ক"

সভার প্রারম্ভে সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সারা বিশ্বের ন্যায় বাংলাদেশেও করোনা ভাইরাস (কোভিড -১৯) দেখা দিয়েছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার পরামর্শ মোতাবেক স্বাস্থ্য বিধি মেনে চলার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। পরে তিনি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, বরুড়া, কুমিল্লাকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার, বরুড়া, কুমিল্লা বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং তা কোনরূপ সংশোধনী ছাড়া সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

<table>
<tr><th>দপ্তর/অধিদপ্তর</th><th>আলোচ্য বিষয় ও বিস্তারিত আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>উপজেলা পরিষদ</td><td>০১। উপজেলা নির্বাহী অফিসার,বরুড়া,কুমিল্লা জানান যে, উপজেলা পরিষদের আবাসিক বাসা সমূহের মধ্যে নিম্নবর্ণিত খালি বাসা সমূহের গ্যাস বিল পরিশোধ করতে হয়েছে।
<table>
<tr><th>ক্র/নং</th><th>বাসার নাম</th><th>সময়কাল</th><th>হার</th><th>টাকা</th></tr>
<tr><td>০১</td><td>জোড়াবাড়ী ২(১)</td><td>সেপ্টেম্বর/২১</td><td>৯২৫/-</td><td>৯২৫/-</td></tr>
<tr><td>০২</td><td>জোড়াবাড়ী ২(৪)</td><td>সেপ্টেম্বর/২১</td><td>৯২৫/-</td><td>৯২৫/-</td></tr>
<tr><td>০৩</td><td>জোড়াবাড়ী ৩(১)</td><td>সেপ্টেম্বর/২১</td><td>৯২৫/-</td><td>৯২৫/-</td></tr>
<tr><td>০৪</td><td>জোড়াবাড়ী ৩(২)</td><td>সেপ্টেম্বর/২১</td><td>৯২৫/-</td><td>৯২৫/-</td></tr>
<tr><td>০৫</td><td>জোড়াবাড়ী ১(১)</td><td>সেপ্টেম্বর/২১</td><td>৯৭৫/-</td><td>৯৭৫/-</td></tr>
<tr><td></td><td>মোট</td><td></td><td></td><td>৪,৬৭৫/</td></tr>
</table>
তিনি উপজেলা রাজস্ব তহবিল হতে উক্ত অর্থ পরিশোধের প্রস্তাব করেন।</td><td>বিস্তারিত আলোচনা শেষে উপজেলা পরিষদের খালি বাসাসমূহের সেপ্টেম্বর/২০২১ মাসের গ্যাস বিল বাবদ ৪,৬৭৫/-(চার হাজার ছয়শত পঁচাত্তর) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>চেয়ারম্যান, উপজে পরিষদ,বরুড়া উপজেলা নির্বাহী অফিসার,বরুড়া</td></tr>
<tr><td>উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স</td><td>উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, বরুড়া জানান যে, বর্তমানে কোভিড/১৯ আক্রান্ত রোগীদের হাসপাতালে চিকিৎসার কার্যক্রম চলছে। তিনি আরো বলেন সারাদেশের মতো বরুড়া উপজেলায়ও কোভিড/১৯ সংক্রমণের হার অনেকটা কমে গেছে। তবে আমাদের আত্মতুষ্টির কোন সুযোগ নেই। কোন কোন দেশে সংক্রমণের আবারো উর্দ্ধমুখী প্রবণতা লক্ষ্য করা যাচ্ছে। তাই সকলকে স্বাস্থ্য বিধি মেনে চলার জন্য তিনি অনুরোধ করেন। কোভিড/১৯ পরবর্তী কোন রোগীর জটিলতা রোধে ব্যবস্থা গ্রহণের জন্য ডাক্তারদের অনুরোধ করা হয়েছে।</td><td>বিস্তারিত আলোচনা শেষে কোভিড/১৯ আক্রান্ত রোগীদের সাথে সাথে অন্যান্য রোগীদের স্বাস্থ্য সেবা নিশ্চিত করা এবং কোভিড পরবর্তী কোন রোগীর জটিলতা রোধে কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হয়।</td><td>উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, বরুড়া</td></tr>
<tr><td>কৃষি সম্প্রসারণ অধিদপ্তর</td><td>উপজেলা কৃষি কর্মকর্তা,বরুড়া জানান যে, আমন ধানের চাষ চলছে। তিনি আরো বলেন মাঠে ফসলের অবস্থা মোটামুটি ভালো আছে। উপসহকারী কৃষি কর্মকর্তাগণকে তাঁদের অধিক্ষেত্রাধীন এলাকা পরিদর্শন করে কৃষকদেরকে চাষাবাদে পরামর্শ প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে যাতে আমন ফসলের ফলন ভাল হয়।</td><td>বিস্তারিত আলোচনা শেষে আমন ধান যাতে ভাল হয় এজন্য উপসহকারী কৃষি কর্মকর্তাগণকে সরজমিনে পরিদর্শন করে কৃষকদের পরামর্শ প্রদান এবং বিষয়টি মনিটরিং করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তা,বরুড়া, কুমিল্লাকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা কৃষি কর্মকর্তা, বরুড়া</td></tr>
</table>

(চলমান পাতা -০২)

| দপ্তর/অধিদপ্তর | আলোচ্য বিষয় ও বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | ০১। উপজেলা প্রকৌশলী,বরুড়া জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে এডিপি এর আওতায় **১ম** কিস্তিতে ২১,৯৭,০০০/-(একুশ লক্ষ সাতানব্বই হাজার) টাকার বরাদ্দ পাওয়া গেছে। ২০২১-২২ অর্থ বছরের সম্ভাব্য বরাদ্দের আলোকে দ্রুত প্রকল্প প্রস্তাব দাখিলের জন্য তিনি সংশ্লিষ্টদের অনুরোধ করেন। তাছাড়া উন্নয়ন সহায়তা তহবিলের অর্থে ও প্রকল্প প্রস্তাব দাখিলের জন্য সংশ্লিষ্টদের প্রতি অনুরোধ করেন। | বিস্তারিত আলোচনা শেষে উক্ত ২০২১-২২ অর্থ বছরে এডিপি ও উন্নয়ন সহায়তা তহবিলের অর্থে দ্রুত প্রকল্প প্রস্তাব দাখিলের জন্য সংশ্লিষ্টদের প্রতি অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বরুড়া উপজেলা নির্বাহী অফিসার,বরুড়া ও উপজেলা প্রকৌশলী,বরুড়া |
| | ০২। উপজেলা প্রকৌশলী,বরুড়া জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের একটি রুমের ফ্যান, উপজেলা পরিষদের নিবাসী -০৩ বাসার দুইটি ফ্যান ও উপজেলা প্রকৌশলীর কার্যালয়ের বৈদ্যুতিক কাজ জরুরী ভিত্তিতে করতে হয়েছে। উক্ত কাজে মোট ১৪,৭০০/- ( চৌদ্দ হাজার সাতশত) টাকা ব্যয় হয়েছে। তিনি উপজেলা রাজস্ব তহবিল হতে উক্ত অর্থ পরিশোধের প্রস্তাব করেন। | বিস্তারিত আলোচনা শেষে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের একটি ফ্যান ও নিবাসী-০৩ বাসার ০২টি ফ্যান ও উপজেলা প্রকৌশলীয় কার্যালয়ের বৈদ্যুতিক কাজের ১৪,৭০০/-(চৌদ্দ হাজার সাতশত) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বরুড়া উপজেলা নির্বাহী অফিসার,বরুড়া ও উপজেলা প্রকৌশলী,বরুড়া |
| মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা,বরুড়া জানান যে, করোনা ভাইরাসের কারণে দীর্ঘদিন ধরে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ বন্ধ থাকার পর খুলেছে। ছেলে/মেয়েদের স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক বেধে দেয়া নিয়ম মেনে শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণ করার জন্য তিনি অভিভাবকগণের প্রতি অনুরোধ করেন। তাছাড়া এস,এস,সি ও দাখিল পরীক্ষা আসন্ন। এস,এস,সি ও দাখিল পরীক্ষা সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানে সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ করেন। | বিস্তারিত আলোচনা শেষে ছেলে/মেয়েদের স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক বেধে দেয়া নিয়ম মেনে শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং আসন্ন এস,এস,সি ও দাখিল পরীক্ষা নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানে সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকতা বরুড়া। |
| প্রাথমিক শিক্ষা | উপজেলা শিক্ষা কর্মকর্তা,বরুড়া জানান যে, করোনা ভাইরাসের প্রার্দুভাবের কারণে প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহ দীর্ঘদিন বন্ধ থাকার পর খুলেছে। ছেলে/মেয়েদের স্বাস্থ্য বিধি মেনে শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণ করার জন্য তিনি অভিভাবকগণের প্রতি অনুরোধ করেন। তাছাড়া কোমলমতি ছেলেমেয়েদের লেখাপড়া ও স্বাস্থ্য সেবা নিশ্চিত করার জন্যও তিনি অভিভাবকগণের প্রতি অনুরোধ করেন। | বিস্তারিত আলোচনা শেষে ছেলে/মেয়েদের স্বাস্থ্য বিধি মেনে শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণের জন্য অভিভাবকগণের প্রতি অনুরোধ করা হয় এবং কোমলমতি ছেলেমেয়েদের পাঠদান পরবর্তী সময়ে স্বাস্থ্যসেবা নিশ্চিত করার জন্য অভিভাবকগণের প্রতি অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, বরুড়া। |
| মৎস্য অধিদপ্তর | উপজেলা মৎস্য কর্মকর্তা, বরুড়া, কুমিল্লা জানান যে, তার বিভাগের স্বাভাবিক কার্যক্রম চলছে। | বিস্তারিত আলোচনা শেষে উপজেলা মৎস্য বিভাগের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তা, বরুড়া, কুমিল্লাকে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, বরুড়া, কুমিল্লা। |
| প্রাণী সম্পদ অধিদপ্তর | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা,বরুড়া জানান যে, সম্প্রসারণ কার্যক্রম ভালভাবেই চলছে। সুষ্ঠুভাবে সম্প্রসারণ কার্যক্রম চলার কারণে গবাদি পশুর রোগের তেমন একটা প্রার্দুভাব দেখা যাচ্ছে না। | বিস্তারিত আলোচনা শেষে প্রাণিসম্পদ বিভাগের সম্প্রসারণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা,বরুড়া |
| দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | ০১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার,বরুড়া জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরের গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ(টিআর) প্রকল্পের আওতায় বরুড়া উপজেলায় ২৪,০৪,১৩৩.৪৩ টাকার বরাদ্দ পাওয়া গেছে। তিনি উক্ত প্রকল্পে বরাদ্দকৃত অর্থ ইউনিয়নওয়ারী বিভাজন করে প্রকল্প প্রস্তাব দাখিলের জন্য ইউপি চেয়ারম্যানগণকে পত্র দেয়া যেতে পারে বলে সভায় অভিমত ব্যক্ত করেন। | বিস্তারিত আলোচনা শেষে ২০২১-২০২২ অর্থ বছরের গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) প্রকল্পের আওতায় বরাদ্দকৃত অর্থ ইউনিয়নওয়ারী বন্টন করতঃ প্রকল্প প্রস্তাব দাখিলের জন্য ইউপি চেয়ারম্যানগণকে পত্র দেয়ার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বরুড়া চেয়ারম্যান, ইউপি (সকল), বরুড়া, |

(চলমান পাতা -০৩)

| দপ্তর/অধিদপ্তর | আলোচ্য বিষয় ও বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | ০২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার,বরুড়া জানান যে, ২০২১-২০২১ অর্থ বছরের গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) প্রকল্পের আওতায় বরুড়া উপজেলায় ৪৩১৯০১৮.১০ টাকা, ৯১.৩৮৯১ মেঃটন চাউল ও ৯১. ৩৮৯১ মেঃটন গম বরাদ্দ পাওয়া গেছে। তিনি বরাদ্দকৃত অর্থ ইউনিয়নওয়ারী বিভাজন করে প্রকল্প প্রস্তাব দাখিলের জন্য ইউপি চেয়ারম্যানগণকে পত্র দেয়া যেতে পারে বলে সভায় অভিমত ব্যক্ত করেন। | বিস্তারিত আলোচনা শেষে ২০২১-২০২২ অর্থ বছরের গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) প্রকল্পের আওতায় বরাদ্দকৃত অর্থ/খাদ্যশস্য ইউনিয়নওয়ারী বন্টন করতঃ প্রকল্প প্রস্তাব দাখিলের জন্য ইউপি চেয়ারম্যানগণকে পত্র দেয়ার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বরুড়া চেয়ারম্যান, ইউপি (সকল), বরুড়া, |
| মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তর | ০১। নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,বরুড়া জানান যে, সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। ইউনিয়ন নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভা করে সভার কার্যবিবরণী প্রেরণ করার জন্য তিনি ইউপি চেয়ারম্যানগণের প্রতি অনুরোধ করেন। | বিস্তারিত আলোচনা শেষে ইউনিয়ন নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভা করে সভার কার্যবিবরণী প্রেরণের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বরুড়া চেয়ারম্যান,ইউপি (সকল), বরুড়া। |
| | ০২। ভিজিডি ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জানান যে, ভিজিডি উপকারভোগীগণের চাউল প্রতি মাসে উত্তোলন করে সংশ্লিষ্টদের মাঝে বিতরণ করার নির্দেশনা রয়েছে। কোন কোন ইউনিয়ন পরিষদ যথাসময়ে ভিজিডি এর খাদ্য শস্য যথাসময়ে উত্তোলন করেন না। তাই তিনি যথাসময়ে খাদ্যশস্য উত্তোলন করে সংশ্লিষ্ট উপকারভোগীগণের মাঝে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইউপি চেয়ারম্যানগণের প্রতি অনুরোধ করেন। এনজিও প্রযুক্তি পীঠ ভিজিডি উপকারভোগীদের প্রশিক্ষণ প্রদান করছেন। | বিস্তারিত আলোচনা শেষে ভিজিডির উপকারভোগীগণের মধ্যে সংশ্লিষ্ট ট্যাগ অফিসারের উপস্থিতিতে খাদ্যশস্য বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করেন। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, বরুড়া চেয়ারম্যান, ইউপি (সকল), বরুড়া |
| পরিবার পরিকল্পনা অধিদপ্তর | আলোচনা করার মত কোন উল্লেখযোগ্য বিষয় নেই। তবে তাঁর বিভাগের দৈনন্দিন স্বাভাবিক কার্যক্রম চলছে। | বিস্তারিত আলোচনা শেষে দৈনন্দিন স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বরুড়া, কুমিল্লাকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্ত বরুড়া। |
| যুব উন্নয়ন অধিদপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,বরুড়া জানান যে, প্রতিবারের ন্যায় এবারও জাতীয় যুব দিবস আগামী ০১.১১.২০২১খ্রি. তারিখ অনুষ্ঠিত হবে। এবারে দিবসটির প্রতিপাদ্য "দক্ষ যুব সমৃদ্ধ দেশ, বঙ্গবন্ধুর বাংলাদেশ"। তিনি জাতীয় যুব দিবসের অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। | বিস্তারিত আলোচনা শেষে জাতীয় যুব দিবসের অনুষ্ঠানে আন্তরিকভাবে উপস্থিত থেকে অনুষ্ঠানটির সফল বাস্তবায়নে সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উ কর্মকর্তা, বরুড়া কুমিল্লা। |
| সমবায় অধিদপ্তর | উপজেলা সমবায় কর্মকর্তা,বরুড়া জানান যে, প্রতিবারের ন্যায় এবারও জাতীয় সমবায় দিবস সারাদেশের ন্যায় বরুড়া উপজেলাতেও উদ্যাপন করা হবে। আগামী ০৬.১১.২০২১খ্রি. তারিখে ৫০ তম জাতীয় সমবায় দিবস উদ্যাপন করা হবে। এবারে দিবসটির প্রতিপাদ্য "বঙ্গবন্ধুর দর্শন, সমবায়ে উন্নয়ন"। তিনি দিবসটির সফল বাস্তবায়নে সকলকে উক্ত তারিখে উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন। | বিস্তারিত আলোচনা শেষে ৫০ তম জাতীয় সমবায় দিবসের অনুষ্ঠান সফল বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে আন্তরিকভাবে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, বরুড়া, কুমিল্লা। |
| সমাজসেবা অধিদপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বরুড়া জানান যে, সমাজসেবা কার্যালয়ের ২০২১-২২ অর্থ বছরের যে সকল ভাতার বরাদ্দ এসেছে সেসব ভাতা সংশ্লিষ্টদের মাঝে বিতরণের কাজ শুরু করা হয়েছে। | বিস্তারিত আলোচনা শেষে ভাতা বিতরণের কাজ যথাযথভাবে সম্পাদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসে কর্মকর্তা, বরুড়া চেয়ারম্যান,ইউপি (সকল),বরুড়া |
| খাদ্য অধিদপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বরুড়া জানান যে, আলোচনা করার মত কোন উল্লেখযোগ্য বিষয় নেই। | বিস্তারিত আলোচনা শেষে দৈনন্দিন স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,বরুড়া, কুমিল্লাকে অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বরুড়া |
| বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বরুড়া জানান যে, তাঁদের ঋণ বিতরণ ও অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ঋণ বিতরণ ও আদায় হার সন্তোষজনক। | বিস্তারিত আলোচনা শেষে ঋণ আদায়ে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণসহ ঋণ বিতরণে লক্ষ্যমাত্রা অর্জনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বরুড়াকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্ন কর্মকর্তা, বরুড়া। |

(চলমান পাতা -০৪)

| দপ্তর/অধিদপ্তর | আলোচ্য বিষয় ও বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ইসলামিক ফাউন্ডেশন | সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, বরুড়া জানান তার বিভাগের স্বাভাবিক কার্যক্রম চলছে। | বিস্তারিত আলোচনা শেষে দৈনন্দিন স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখার জন্য সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন, বরুড়াকে অনুরোধ করা হয়। | সুপাইভাইজার, ইসলামিক ফাউন্ডেশ |
| বন বিভাগ | বন কর্মকর্তা,বরুড়া জানান যে, স্বাভাবিক কার্যক্রম চলছে। তবে তিনি বলেন বরুড়া উপজেলা একটি বিশাল উপজেলা। মানুষ বিভিন্ন এলাকা থেকে সরকারি রাস্তার গাছ কেটে নেওয়ার প্রবণতা লক্ষ্য করা যায়। কেউ যাতে রাস্তার গাছ কেটে নিতে না পারে তা নিশ্চিত করার জন্য তিনি দফাদার ও মহল্লাদারদের কাজে লাগানোর জন্য পরামর্শ প্রদান করেন। | বিস্তারিত আলোচনা শেষে সরকারি রাস্তার গাছ যাতে কেউ কেটে নিতে না পারে তা নিশ্চিত করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার,বরুড়া ও চেয়ারম্যান,ইউপি সকল,বরুড়া,কুমিল্ল বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ বরুড়া। |
| জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য),বরুড়া জানান যে, তার বিভাগের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত আছে। | বিস্তারিত আলোচনা শেষে দৈনন্দিন স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য)কে অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) বরুড়া |
| আনসার ও ভিডিপি অধিদপ্তর | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, বরুড়া জানান তাঁর বিভাগের আলোচনা করার মত কোন উল্লেখযোগ্য বিষয় নেই। দৈনন্দিন স্বাভাবিক কার্যক্রম অব্যাহত আছে। | বিস্তারিত আলোচনা শেষে দৈনন্দিন স্বাভাবিক কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, বরুড়া |
| বরুড়া থানা | অফিসার ইন চার্জ,বরুড়া থানা এর প্রতিনিধি জানান, বরুড়া উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি অন্যান্য উপজেলার চেয়ে ভাল। সরকার মাদকের বিষয়ে জিরো টলারেন্স নীতি গ্রহন করেছেন। এ কারণে একাধিক মাদক ব্যবসায়ীকে ইতিমধ্যে গ্রেফতার করা হয়েছে। ফলে মাদকের ব্যবহার অনেকটা কমেছে। তবে মাদকের ব্যবহার একেবারে বন্ধ হয়ে যায়নি। | বিস্তারিত আলোচনা শেষে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সহযোগিতা করা এবং বরুড়া উপজেলা মাদকমুক্ত করতে আন্তরিক সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | অফিসার ইন চার্জ, বরুড়া থানা। |
| প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র | সংশ্লিষ্ট কর্মকর্তা/ তাঁর বিভাগের কোন প্রতিনিধি না থাকায় আলোচনা করা যায়নি। | বিস্তারিত আলোচনা শেষে দৃষ্টি প্রতিবন্ধীদের সাহায্য সহযোগিতা অব্যাহত রাখার জন্য প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, বরুড়া, কুমিল্লাকে অনুরোধ করা হয়। | প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, বরুড়া। |
| পল্লী বিদ্যুৎ সমিতি-০১ | উপমহাব্যবস্থাপক,পল্লী বিদ্যুৎ সমিতি-০১, বরুড়া জানান যে, মুজিব বর্ষকে পল্লী বিদ্যুতের সেবাবর্ষ হিসেবে ঘোষণা করা হয়েছে। এতে পল্লী বিদ্যুৎ কর্তৃপক্ষ বিভিন্ন ধরনের পদক্ষেপ গ্রহণ করেছেন। অভিযোগ শুনার সাথে সাথে বিষয়টি নিষ্পত্তি করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। পুরাতন সেচ গ্রাহকের আবেদনের সাথে সাথে সংযোগ দেয়া হয়। লাইনের ১৩০ ফুটের মধ্যে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়। | বিস্তারিত আলোচনা শেষে পল্লী বিদ্যুতের সেবাবর্ষের সেবা গ্রহনের জন্য ইউপি চেয়ারম্যানগণের মাধ্যমে জনগণকে অনুরোধ করা হয় । | উপমহাব্যবস্থাপক পল্লী বিদ্যুৎ সমিতি-০১, বরুড়া জোঃ অফিস |
| উপজেলা পরিসংখ্যাণ অফিস | সংশ্লিষ্ট কর্মকর্তা/তাঁর বিভাগের কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় আলোচনা করা যায়নি। | বিস্তারিত আলোচনা শেষে দৈনন্দিন স্বাভাবিক কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা পরিসংখ্যাণ কর্মকর্তা, বরুড়া, কুমিল্লাকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিসংখ্যাণ কর্মকর্তা, বরুড়া, কুমিল্লা |
| উপজেলা নির্বাহী অফিস, বরুড়া | প্রশাসনিক কার্যক্রম, মোবাইল কোর্ট পরিচালনা গণশুনানীসহ অন্যান্য দৈনন্দিন স্বাভাবিক কার্যক্রম অব্যাহত আছে। | প্রশাসনিক কার্যক্রম, মোবাইল কোর্ট পরিচালনা, গণশুনানীসহ দৈনন্দিন স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার, বরুড়া। |
| বিবিধ ঃ | ভিশন-২০২১ ঃ ০১। ওয়েব পোর্টাল ঃ উপজেলা নির্বাহী অফিসার,বরুড়া জানান ওয়েব পোর্টালের তথ্য নিয়মিত আপডেট করা হয় না। তিনি ওয়েব পোর্টালের তথ্য নিয়মিত আপলোড করার ব্যাপারে উদ্যোক্তাদের নির্দেশনা প্রদানের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের প্রতি অনুরোধ করেন। | বিস্তারিত আলোচনা শেষে ওয়েব পোর্টালের তথ্য নিয়মিত আপডেট করার ব্যাপারে উদোক্তাদের নির্দেশনা প্রদানের জন্য ইউপি চেয়ারম্যান গণের প্রতি অনুরোধ করা হয়। | চেয়ারম্যান (সকল)ইউপি বরুড়া,কুমিল্লা |

(চলমান পাতা -০৫)

| দপ্তর/অধিদপ্তর | আলোচ্য বিষয় ও বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায় |
|---|---|---|---|
| | ০২। উঠান বৈঠক ঃ উপজেলা নির্বাহী অফিসার,বরুড়া জানান উঠান বৈঠকের মাধ্যমে জঙ্গীবাদ,সন্ত্রাসবাদ দমন,আইন-শৃংখলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখাসহ জনগণকে সমাজের উন্নয়নমূলককাজে সম্পৃক্ত করা যায়। তাই তিনি উঠান বৈঠক করে অপরাধ প্রবণতা কমিয়ে আনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য ইউপি চেয়ারম্যানগণের প্রতি অনুরোধ করেন। | বিস্তারিত আলোচনা শেষে নিয়মিত উঠান বৈঠক করে কার্যবিবরণী প্রেরণের জন্য ইউপি চেয়ারম্যানগণের প্রতি অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, ইউপি(সকল), বরুড়া,কুমিল্লা। |
| | ০৩। ইউনিয়ন ডিজিটাল সেন্টার ঃ উপজেলা নির্বাহী অফিসার,বরুড়া জানান বর্তমান যুগ তথ্য প্রযুক্তির যুগ। জনগণের দোরগোড়ায় তথ্য প্রযুক্তি সেবা পৌঁছে দেয়ার জন্য ইউনিয়ন ডিজিটাল সেন্টার চালু করা হয়েছে। তিনি ইউনিয়ন ডিজিটাল সেন্টারের বর্তমান অবস্থা সম্পর্কে ইউপি চেয়ারম্যানগণের নিকট হতে জানতে চান এবং জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছে দিতে উক্ত কেন্দ্র গুলোর কাজ নিয়মিত মনিটরিং করার জন্য ইউপি চেয়ারম্যানগণের প্রতি অনুরোধ করেন। তাছাড়া বেশির ভাগ ইউনিয়ন পরিষদই মনিটরিং টুল হালনাগাদ করেন না বিধায় মনিটরিং টুল হালনাগাদ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করেন। তিনি আরো বলেন প্রতিটি ইউনিয়ন ডিজিটাল সেন্টারে ০১জন পুরুষ ও ০১ জন মহিলা উদোক্তা নিয়োজিত আছেন। প্রয়োজনে ০২জন পুরুষ ও ০২ জন মহিলা উদোক্তা নিয়োগ করা যেতে পারে কারণ কোন কারণে একজন উদ্যোক্তা অনুপস্থিত থাকলে অন্য উদোক্তা দিয়ে যাতে কাজ চালিয়ে নেয়া যায়। আলোচনায় অংশ নিয়ে বেশিরভাগ ইউপি চেয়ারম্যান বলেন তাঁদের ইউডিসির কাজ ভালই চলছে। | বিস্তারিত আলোচনা শেষে জনগণের দোরগোড়ায় তথ্য প্রযুক্তি সেবা পৌঁছে দেয়া এবং মনিটরিং টুল হালনাগাদ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কাজ নিয়মিত মনিটরিং করার জন্য ইউপি চেয়ারম্যানগণের প্রতি অনুরোধ করা হয়। | চেয়ারম্যান,ইউপি (সকল),বরুড়া, কুমিল্লা। |
| | ৪। ইনোভেশন ঃ উপজেলা নির্বাহী অফিসার,বরুড়া জানান আমাদেরকে নতুন নতুন উদ্ভাবনী শক্তি সৃষ্টি করতে হবে। নতুন কিছু উদ্ভাবন করে তা জনসেবার কাজে লাগাতে হবে। জনগণের শ্রম,অর্থ এবং সময় কম লাগে এ উদ্দেশ্যেই নতুন উদ্ভাবনী সেবামূলক কার্যক্রম গ্রহন করতে হবে। প্রত্যেক দপ্তর প্রধানকেই স্ব স্ব দপ্তরে এর সাথে সম্পৃক্ত উদ্ভাবনী আইডিয়া প্রদান করার জন্য তিনি অনুরোধ জানান। | বিস্তারিত আলোচনা শেষে নতুন কিছু উদ্ভাবন করে তা জনসেবার কাজে লাগাতে সংশ্লিষ্টদের অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কমিটি |
| | ৫। কমিউনিটি ক্লিনিক ঃ উপজেলা নির্বাহী অফিসার, বরুড়া জানান দরিদ্র জনসাধারণের স্বাস্থ্য সেবা নিশ্চিত করার জন্য বর্তমান সরকারের একটি অগ্রাধিকারমূলক প্রকল্প এটি। অথচ অনেক কমিউনিটি ক্লিনিকের অবস্থা তেমন ভাল নয়। কমিউনিটি ক্লিনিক দর্শনে তিনি বেশির ভাগ কমিউনিটি ক্লিনিকের দৈন্যদশা প্রত্যক্ষ করেছেন। তাই তিনি কমিউনিটি ক্লিনিক গুলো যাতে গরীব জনসাধারণের স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে পারে সেদিকে নজর রাখতে সংশ্লিষ্টদের অনুরোধ করেন। তাছাড়া যে সকল কমিউনিটি ক্লিনিক জরাজীর্ণ অবস্থায় আছে সে সকল কমিউনিটি ক্লিনিক মেরামত করে এলাকার দরিদ্র ও নিরীহ লোকজন যাতে স্বাস্থ্য সেবা পায় তা নিশ্চিত করার জন্য তিনি সংশ্লিষ্টদের অনুরোধ করেন। | বিস্তারিত আলোচনা শেষে কমিউনিটি ক্লিনিকে যাতে গরীব ও অসহায় লোকদের স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে পারে সেদিকে নজর রাখার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও কর্মকর্তা বরুড়া। |
| | ৬। ইউনিয়ন স্বাস্থ্য ও পঃপঃ কেন্দ্র ঃ উপজেলা নির্বাহী অফিসার,বরুড়া বলেন বিভিন্ন ইউনিয়নে গিয়ে দেখা যায় ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্রগুলি প্রায়শই বন্ধ থাকে । ডাক্তার বা উপ-সহকারী মেডিকেল অফিসারদের পাওয়া যায় না। যা অত্যন্ত দুঃখজনক এবং সরকারী দায়িত্বে অবহেলার সামিল। তিনি উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তাকে বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | বিস্তারিত আলোচনা শেষে ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্রগুলোতে মনিটরিং ব্যবস্থা জোরদার করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, বরুড়া, কুমিল্লাকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা, বরুড়া,কু |

(চলমান পাতা -০৬)

| দপ্তর/ অধিদপ্তর | আলোচ্য বিষয় ও বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | ৭। আমার বাড়ী আমার খামার/পল্লী সঞ্চয় ব্যাংক ঃ উপজেলা নির্বাহী অফিসার,বরুড়া জানান আমার বাড়ী আমার খামার প্রকল্পের ঋণ আদায় করা কষ্টসাধ্য হচ্ছে। তাই তিনি আমার বাড়ী আমার বাড়ী প্রকল্পের ঋণের টাকা আদায়ে সহযোগিতা করার জন্য ইউপি চেয়ারম্যানগণের প্রতি অনুরোধ করেন। বর্তমানে আদায়ের হার প্রায় ৮৬%। এই হার বৃদ্ধিতে কার্যকরী পদক্ষেপ গ্রহন করতে হবে। এছাড়া তিনি জানান আমার বাড়ী আমার খামার প্রকল্প এর সকল কার্যক্রম 'পল্লী সঞ্চয় ব্যাংক' নামে শুরু হয়েছে। | বিস্তারিত আলোচনা শেষে একটি বাড়ী একটি খামার প্রকল্পের ঋণের টাকা আদায়ে সহযোগিতা করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | |
| | ৮। ভিক্ষুক মুক্তকরণ কর্মসূচী ঃ উপজেলা নির্বাহী অফিসার, বরুড়া জানান ইতোপূর্বে সকল ইউপি চেয়ারম্যানকে প্রকৃত ভিক্ষুক এর তালিকা প্রেরণের জন্য বলা হয়েছে। সকল ইউনিয়ন থেকে প্রকৃত ভিক্ষুকদের তালিকা পাওয়া গেছে। প্রাপ্ত তালিকা অনুযায়ী প্রয়োজনীয় পরিকল্পনা প্রণয়ন করা প্রয়োজন। বরুড়া উপজেলাকে ভিক্ষুকমুক্ত করার জন্য আমরা অঙ্গীকারাবদ্ধ। তিনি এ ব্যাপারে উপজেলা প্রকৌশলীর বক্তব্যের সাথে একমত পোষণ করেন। | বিস্তারিত আলোচনা শেষে তালিকা অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী,বরুড়া, কুমিল্লাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, বরুড়া |
| | ৯। চেয়ারম্যান, আগানগর ইউপি জানান যে, সামনে শীতকাল আসন্ন। এ সময় মানুষের কাজকর্ম কম থাকে বিধায় লোকজন অলস থাকে এবং অনেকের কাজ থাকে না তাই এ সময় চুরি ডাকাতির উপদ্রব বৃদ্ধি পায়। তিনি চুরি ডাকাতি প্রতিরোধে রাতে টহল পুলিশের ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, বরুড়া থানার দৃষ্টি আকর্ষণ করেন। | বিস্তাতির আলোচনা শেষে রাতে টহল পুলিশের ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ,বরুড়া থানাকে অনুরোধ করা হয়। | অফিসার ইনচার্জ বরুড়া থানা |
| | ১০। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,বরুড়া জানান যে, উপজেলা পরিষদের জীপগাড়ীর জ্বালানী গ্যাস/তেলের জুন/২০২১ হতে সেপ্টেম্বর/২০২১ পর্যন্ত সময়ের বিল বাবদ ইস্টার্ণ ট্রেডিং কর্পোরেশন কর্তৃক ৬০,০৩২/-(ষাট হাজার বত্রিশ) টাকার বিল দাখিল করা হয়েছে। তিনি উপজেলা রাজস্ব তহবিল হতে উক্ত অর্থ পরিশোধের জন্য প্রস্তাব করেন। | বিস্তারিত আলোচনা শেষে উপজেলা পরিষদের জীপগাড়ীর জ্বালানী তেল/ গ্যাস এর জুন/২০২১ হতে সেপ্টেম্বর/২০২১ পর্যন্ত সময়ের বিল বাবদ ইস্টার্ণ ট্রেডিং কর্পোরেশন বরাবর ৬০,০৩২/- (ষাট হাজার বত্রিশ) টাকার বিল উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ,বরুড়া উপজেলা নির্বাহী অফিসার,বরুড়া |

চেয়ারম্যান,উপজেলা পরিষদ সুস্থ্য থাকার জন্য বাড়ীতে অবস্থান এবং সামাজিক দুরত্ব বজায় রেখে চলার জন্য সকলের প্রতি আবারো অনুরোধ জানান। তিনি জনপ্রতিনিধি ও বিভাগীয় প্রধানদের ঐকান্তিক প্রচেষ্টায় উপজেলার উন্নয়ন কাজ ত্বরান্বিত হবে বলে আশাবাদ ব্যক্ত করেন। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

24/10/2021

( এ এন এম মইনুল ইসলাম )
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বরুড়া,কুমিল্লা।
ও
সভাপতি
উপজেলা পরিষদ,বরুড়া,কুমিল্লা।

স্মারক নং- ০৫.২০.১৯০৯.০৩২.০০.০০২.২১- ১১৩০(৫০)

তারিখ ঃ ১২ কার্তিক ১৪২৮

২৮ অক্টোবর ২০২১

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরিত হলো ।

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য,২৫৬-কুমিল্লা-৮,বরুড়া,কুমিল্লা।
০২। পরিচালক,স্থানীয় সরকার,বিভাগীয় কমিশনারের কার্যালয়,চট্টগ্রাম বিভাগ,চট্টগ্রাম।
০৩। জেলা প্রশাসক,কুমিল্লা।
০৪। একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা,সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য ।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বরুড়া,কুমিল্লা।
০৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বরুড়া,কুমিল্লা।
০৭। উপজেলা ................................. অফিসার,বরুড়া,কুমিল্লা ।
০৮। চেয়ারম্যান, .................................... ইউ/পি (সকল),বরুড়া,কুমিল্লা ।
০৯। জনাব/বেগম ............................................................
১০। অফিস কপি ।

২৮/১০/২০২১

(মোঃ আনিসুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
বরুড়া,কুমিল্লা
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ,
বরুড়া, কুমিল্লা।